

# সূত্র

প্রিন্ট: ১০ জুলাই ২০২৫, ০৯:১৯ এএম

সারাদেশ

## কুমিল্লা বোর্ডের বৃহস্পতিবারের এইচএসসি পরীক্ষা স্থগিত



কুমিল্লা ব্যুরো

প্রকাশ: ০৯ জুলাই ২০২৫, ১১:১৩ পিএম



ফাইল ছবি

কুমিল্লায় অতিরিক্ত বৃষ্টিতে বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় কুমিল্লা শিক্ষা বোর্ডের বৃহস্পতিবার অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে।

বুধবার রাত সাড়ে ১০ টার দিকে এ তথ্য নিশ্চিত করেছেন কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক রুনা নাছরীন।

তিনি বলেন, টানা বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পানির কারণে কুমিল্লা, ফেনী, নোয়াখালীসহ বোর্ডের আওতাধীন বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতির অবনতি হয়েছে। অনেক এলাকায় পরীক্ষার কেন্দ্র প্লাবিত হওয়ায় পরীক্ষা নেয়া সম্ভব হবে না। আমরা সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে কথা বলে বন্যা পরিস্থিতির বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ে অবহিত করার পর রাতে পরীক্ষা স্থগিত রাখার সিদ্ধান্ত আসে।

স্থগিত পরীক্ষার সময়সূচী পরবর্তীতে জানানো হবে বলে উল্লেখ করেন পরীক্ষা নিয়ন্ত্রক।